

📃 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:১৩০

আ আরবি মূল আয়াত:

وَ لَقَد اَخَذَنَا أَلَ فِرعُونَ بِالسِّنِينَ وَ نَقصٍ مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُم يَذَّكَّرُونَ ﴿ ١٣٠﴾

আর আমি পাকড়াও করেছি ফির'আউনের অনুসারীদেরকে দুর্ভিক্ষ ও ফল- ফলাদির ক্ষয়-ক্ষতির মাধ্যমে, যাতে তারা উপদেশ গ্রহণ করে। — আল-বায়ান

আমি ফির'আওনী গোষ্ঠীকে দুর্ভিক্ষ আর ফল-ফসলের ক্ষয়-ক্ষতি দিয়ে পাকড়াও করেছিলাম যাতে তারা উপদেশ গ্রহণ করে। — তাইসিরুল

আমি ফির'আউনের অনুসারীদেরকে বছরের পর বছর দুর্ভিক্ষ, অজন্ম ও ফসলহানির মধ্যে বিপন্ন রেখেছিলাম, যাতে তারা ঈমান আনে। — মুজিবুর রহমান

And We certainly seized the people of Pharaoh with years of famine and a deficiency in fruits that perhaps they would be reminded. — Sahih International

১৩০. আর অবশ্যই আমরা ফিরআউনের অনুসারীদেরকে দুর্ভিক্ষ ও ফল ফসলের ক্ষতির দারা আক্রান্ত করেছি, যাতে তারা উপদেশ গ্রহণ করে।

তাফসীরে জাকারিয়া

(১৩০) আমি অবশ্যই ফিরআউন সম্প্রদায়কে দুর্ভিক্ষ ও ফল-ফসলের স্বল্পতা দ্বারা আক্রান্ত করেছি; যাতে তারা অনুধাবন করে।[1]

[1] فرعُون वनार्ज ফিরআউনের জাতিকে বুঝানো হয়েছে। আর سنين অর্থঃ অনাবৃষ্টি ও ফসলাদিতে পোকা-মাকড় লেগে যাওয়ার কারণে উৎপাদন কমে যাওয়া। পরীক্ষার উদ্দেশ্য এই ছিল যে, অত্যাচার ও অহংকারের পথ পরিহার করুক, যাতে তারা মেতে ছিল।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1084

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন